গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আইসিটি অফিসারের কার্যালয়
মুকসুদপুর, গোপালগঞ্জ।
doict.muksudpur.gopalganj.gov.bd

স্মারক নং-৫৬.০৪.৩৫৫৮.০০১.৯৯.০০১.২৪-২৬৬ তারিখঃ ০৬/১০/২০২৫খ্রিঃ

বিষয়ঃ গাড়লগাতী করিম মিঞা উচ্চ বিদ্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ-এর ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচনী তফসীল।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ মহোদয়ের স্মারক নম্বর: ০৫.৩০.৩৫৫৮.০০১.১৮.০৬০.১১-৭৭২ তারিখ: ২৫/০৯/২০২৫ খ্রি তারিখের পত্র মোতাবেক আমি নিম্নস্বাক্ষরকারী উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রিজাইডিং অফিসার হিসেবে নিয়োগ প্রাপ্ত হয়ে গাড়লগাতী করিম মিঞা উচ্চ বিদ্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ এর ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে নিম্নরূপ নির্বাচনী তফসিল ঘোষণা করলাম।

ক্র. নং	কর্মসূচী	স্থান	তারিখ	সময় সূচী
০১	মনোনয়ন পত্র গ্রহন ও জমা	গাড়লগাতী করিম মিঞা উচ্চ বিদ্যালয় মুকসুদপুর,গোপালগঞ্জ ।	২১/১০/২০২৫ হতে ২৩/১০/২০২৫ পর্যন্ত	সকাল ১০:০০ হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত
০২	মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ	উপজেলা আইসিটি অফিসারের কার্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ।	২৬/১০/২০২৫ খ্রি.	সকাল ১১:০০ ঘটিকা
০৩	মনোনয়ন পত্র প্রত্যাহার	উপজেলা আইসিটি অফিসারের কার্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ।	২৮/১০/২০২৫ খ্রি.	৪:০০ ঘটিকা পর্যন্ত
০৪	নির্বাচন	গাড়লগাতী করিম মিঞা উচ্চ বিদ্যালয় মুকসুদপুর,গোপালগঞ্জ।	১২/১১/২০২৫ খ্রি.	সকাল ১০:০০ হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত

নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়ঃ

১। মনোনয়নপত্র অবশ্যই প্রার্থীর প্রস্তাবক ও সমর্থক এর স্বাক্ষরসহ নির্ভুলভাবে পূরণ করতে হবে। ১০ম শ্রেণির শিক্ষার্থীর ভোটার অভিভাবকগণ প্রার্থী হতে পারবেন না। প্রবিধান-১১ এ বর্ণিত কোন ব্যক্তি ম্যানেজিং কমিটি সদস্য হতে বা থাকতে পারবেন না।

২। নির্বাচন সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ প্রার্থীকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি সংশ্লিষ্ট প্রবিধানমালা ২০০৯ এ বর্ণিত নিয়ম-কানুন, আচরণ ও প্রচারণা সংশ্লিষ্ট বিধান ২৮ সহ যাবতীয় বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে।

৩। মনোনয়নপত্র বাছাই এর সময় কোন প্রার্থীর মনোনয়নপত্রে কোন রকম ত্রুটি পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে বিধি মোতাবেক তা সংশোধনের জন্য বিবেচনা করা যেতে পারে। তবে সকল ক্ষেত্রেই প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৪। প্রজ্ঞাপন অনুযায়ী নির্বাচনী প্রার্থীর নামে কোন প্রতীক বরাদ্দ করা হবে না। X (ক্রস) চিহ্নের মাধ্যমে ভোট গ্রহণ করতে হবে এবং নির্বাচনের সময়সীমা উপরে বর্ণিত নির্দিষ্ট তারিখে সকাল ১০.০০ ঘটিকা হইতে বিরতিহীনভাবে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত চলবে।

৫। মনোনয়ন পত্র গ্রহনের সময় অভিভাবক ও শিক্ষক সদস্য ফি বাবদ অফেরত যোগ্য ১,০০০/- টাকা, দাতা সদস্য ফি বাবদ অফেরত যোগ্য ২,০০০/- টাকা প্রধান শিক্ষক মহোদয়ের নিকট হতে রশিদের মাধ্যমে জমা প্রদান করে রশিদটি মনোনয়ন পত্রের সঙ্গে যুক্ত করতে হবে।

৬। বিদ্যালয় কমিটির সভাপতি ও প্রধান শিক্ষক মহোদয়ের যৌথ স্বাক্ষরিত অনুমোদিত চুড়ান্ত ভোটার তালিকা প্রধান শিক্ষক মহোদয়ের কার্যালয় হতে রশিদের মাধ্যমে ৫০০/- টাকা প্রদানের বিনিময়ে পাওয়া যাবে।

৭। বিশেষ কারণে নির্বাচনের তারিখ পরিবর্তন করার এখতিয়ার নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

০৬/১০/২০২৫

মোঃ আব্দুল বাতেন মোল্যা
উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার)
ও
প্রিজাইডিং অফিসার
গাড়লগাতী করিম মিঞা উচ্চ বিদ্যালয়
ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৫
মুকসুদপুর, গোপালগঞ্জ।

মোঃ আব্দুল বাতেন মোল্যা
উপজেলা আইসিটি অফিসার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
মুকসুদপুর, গোপালগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ.

০১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
০২। উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।
০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।
০৪। প্রধান শিক্ষক, গাড়লগাতী করিম মিয়া উচ্চ বিদ্যালয়, মুকসুদপুর,গোপালগঞ্জ।
(তাঁকে নির্বাচনী তফশীল অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বহুল প্রচারের অনুরোধ করা হলো)
০৪। অফিস কপি।